ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

---

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১০-৩-৯৮ ইং তারিখের সভার কার্যবিবরণী।

===

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ড সভা ১০-৩-৯৮ ইং তারিখ বেলা ১১-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্ণেল আব্দুস সালাম চৌধুরী, প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা ক্যান্টনমেন্ট। সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ :-

১। ব্রিগেডিয়ার আহমেদ আলী — সদস্য — অনুপস্থিত
এস ই এম ও
অধিনায়ক
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

২। ক্যাপ্টেন শহীদুজ্জামান খান (জি) (সিডি), পিএসসি, — সদস্য — অনুপস্থিত
অধিনায়ক
বি এন এস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

৩। গ্রুপ ক্যাপ্টেন মোঃ নওশাদুল হক — সদস্য — উপস্থিত
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমান বাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

৪। লেঃ কর্ণেল হাসান রশান রাব্বী — সদস্য — উপস্থিত
সি এম ই এস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

৫। জনাব মোঃ আজিজ খান — সদস্য — উপস্থিত
১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা
ঢাকা সেনানিবাস।

৬। লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ — সদস্য — উপস্থিত
৩৪৬, ডি ও এইচ এস জোয়ারসাহারা
ঢাকা সেনানিবাস।

৭। জনাব মোঃ জহিরুল হক — সদস্য — উপস্থিত
সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা।

৮। জনাব শফিক আলম মেহেদী — সেক্রেটারী — উপস্থিত
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

উপরোল্লিখিত বোর্ড সদস্য ব্যতীত নিম্নোক্ত কর্মকর্তাগণ বোর্ড সভায় উপস্থিত ছিলেন :-

(১) মেজর মোঃ আবদুর রশিদ আকন্দ
এস এইচ ও, সি এম এইচ
ঢাকা সেনানিবাস।

(২) লেঃ কমান্ডার এম লোকমান চৌধুরী (এস) বি এন
ঢাকা সেনানিবাস।

উপস্থিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

২য় পৃঃদ্রঃ

বিগত ১২-১-৯৮ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।

স্তাব নং-১ঃ বিগত ১২-১-৯৮ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী অনুমোদিত হইল।

হীত সিদ্ধান্তঃ- বিগত ১২-১-৯৮ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণী অনুমোদিত হইল।

স্তাব নং-২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ডিসেম্বর'৯৭ ইং এবং জানুয়ারী'৯৮ ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয়
হিসাব বিবরণী অবহিত হওয়া।

হীত সিদ্ধান্তঃ- ক্যান্টনমেন্ট বোর্ডের ডিসেম্বর'৯৭ ইং এবং জানুয়ারী'৯৮ ইং মাসের আয়-ব্যয় সম্পর্কীয়
হিসাব বিবরণী অবহিত হওয়া গেল।

ডিসেম্বর'৯৭ ইং ও জানুয়ারী'৯৮ ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

স্তাব নং-৩ঃ ডিসেম্বর'৯৭ ইং ও জানুয়ারী'৯৮ ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

অবহিত হওয়া গেল। আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হইল যে, ঢাকা সেনানিবাস এলাকায় মশক
হীত সিদ্ধান্তঃ- অবহিত হওয়া গেল। আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হইল যে, ঢাকা সেনানিবাস এলাকায় মশক
নিধনকল্পে একটি মশক নিধন স্প্রে মেশিন ক্রয়ের নিমিত্তে ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকা
নিধনকল্পে একটি মশক নিধন স্প্রে মেশিন ক্রয়ের নিমিত্তে ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকা এবং ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক স্টেশন হেলথ অর্গানাইজেশনকে প্রদত্ত ২০,০০০/-(বিশ হাজার) টাকার
এবং ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক স্টেশন হেলথ অর্গানাইজেশনকে প্রদত্ত ২০,০০০/-(বিশ হাজার) টাকার স্থলে ১৯৯৮-৯৯ আর্থিক সালে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা প্রদানের জন্য আগামী ১৯৯৮-৯৯
স্থলে ১৯৯৮-৯৯ আর্থিক সালে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা প্রদানের জন্য আগামী ১৯৯৮-৯৯
সনের বাজেটে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব পেশ করা হউক।

সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪-২-৯৮ ইং তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/
স্তাব নং-৪ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪-২-৯৮ ইং তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/
২৫২/শা-৮/৩ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। সংশ্লিষ্ট পত্র সভায় উপস্থাপন করা
২৫২/শা-৮/৩ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

হইল।

সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪-২-৯৮ ইং তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/
হীত সিদ্ধান্তঃ- সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪-২-৯৮ ইং তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/
২৫২/শা-৮/৩ নং পত্র এবং উক্ত পত্রের সহিত সংযোজিত প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের
১৯-২-৯৮ ইং তারিখের ১৩০০/৭০/৩৫/১/এ নং পত্রের উপর সভায় বিস্তারিত আলোচনা
হইল। ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স গাজী এন্ড কোম্পানী লিমিটেডের মালিক জনাব এ কে এম
পাটোয়ারীর কার্যকলাপ সম্পর্কে ক্যান্টনমেন্ট বোর্ডে রক্ষিত সকল নথিপত্র পরীক্ষা ও পর্যালোচনা করা
হয়। ইহাতে উক্ত ঠিকাদার জনাব পাটোয়ারী সম্পর্কে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের পত্রে
বর্ণিত অভিযোগ সঠিক বলিয়া প্রমাণিত হয়। সেনানিবাসের নিরাপত্তা ও ক্যান্টনমেন্ট বোর্ডের
নিয়ম শৃঙ্খলার পরিপন্থী কার্যকলাপ এবং প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র
ব্যতিরেকে পুনরায় ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদার হিসাবে তালিকাভুক্ত হওয়াসহ বিভিন্ন অনিয়মের
প্রেক্ষিতে জনাব এ কে এম পাটোয়ারী, পিতা-জনাব মোঃ ইসহাক পাটোয়ারী, গ্রাম-বাবুপুর শ্রীপুর,
থানা-সেনবাগ, জেলা-নোয়াখালীর মালিকানাধীন মেসার্স গাজী এন্ড কোম্পানী লিমিটেড এর
ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদার তালিকাভুক্তি বাতিলের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হইল। উক্ত
ঠিকাদারের বাস্তবায়নাধীন কোন প্রকল্পের কাজ বর্তমানে চলিতে থাকিলে তাহা যথারীতি সম্পন্ন
করাইয়া বুঝিয়া নিতে হইবে এবং ভবিষ্যতে তাহার বোর্ডের ঠিকাদারী লাইসেন্স আর নবায়ন করা
হইবে না। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, উক্ত ঠিকাদারের কার্যকলাপ সম্পর্কে একটি বিস্তারিত
প্রতিবেদন পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সেনাসদর, এম এন্ড কিউ পরিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে
অবহিত করা হউক এবং নিরাপত্তা ছাড়পত্র প্রদান না করার অনুরোধসহ প্রতিরক্ষা গোয়েন্দা
মহাপরিদপ্তরকে পত্র লেখা হউক।

৩য় পৃঃদ্রঃ

**প্রস্তাব নং-৫ঃ** বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ১৯৯৮ সালের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার ৪০,৬২০/-(চল্লিশ হাজার ছয়শত বিশ) টাকা ব্যয় অনুমোদন এবং স্কুলের ছাত্র/ছাত্রীদের ১৯৯৮ সালের প্রথম স্ট্যাডি ট্যুর প্রোগ্রামের জন্য ৪৯,০৯০/-উন পঞ্চাশ হাজার নব্বই) টাকা ব্যয় অনুমোদনকরণ। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২২-২-৯৮ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩৬ ১/শা-৭/৭● নং পত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ১৯৯৮ ইং সালের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার ৪০,৬২০/-(চল্লিশ হাজার ছয়শত বিশ) টাকা ব্যয় অনুমোদন এবং স্কুলের ছাত্র/ছাত্রীদের ১৯৯৮ সালের প্রথম স্ট্যাডি ট্যুর প্রোগ্রামের জন্য ৪৯,০৯০/-(উন পঞ্চাশ হাজার নব্বই) টাকা ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-৬ঃ** বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের গত ২৮-১২-৯৭ ইং তারিখে অনুষ্ঠিত গভর্নিং বডি মিটিংয়ের ০৫ নং প্রস্তাবের ক্রমিক নং-১০ এর সিদ্ধান্ত মোতাবেক উক্ত স্কুলের জন্য ৩(তিন) সেট কম্পিউটার ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের জন্য ৩(তিন)টি কম্পিউটার মেশিন ক্রয়ের নিমিত্তে ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-৭ঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের স্টাফ নার্স পদে নিয়োগের জন্য নির্বাচনী কমিটি কর্তৃক নির্বাচিত প্রার্থিনী মিসেস সঞ্চিতা রায়কে নিয়োগপত্র প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১২-২-৯৮ ইং তারিখের ৭/এমএলএন্ডসি ঢাকা/১৬-৪/শা-২/৩১ নং পত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ-** বিষয়টি নিয়া বোর্ড সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে নির্বাচনী কমিটি কর্তৃক নির্বাচিত প্রার্থী মিসেস সঞ্চিতা রায়কে নিম্নবর্ণিত শর্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালে স্টাফ নার্স পদে ২৫৫০-১৫৫X৭-৩৬৩৫-ইবি-১৭০X১১-৫৫০৫/- টাকা বেতন স্কেলে নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইলঃ-

(ক) এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী।

(খ) প্রাথমিকভাবে এই নিয়োগের আবেক্ষকাল ১(এক) বৎসর। আবেক্ষকাল সময়ে চাকরি সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকরি নিয়মিত করা হইবে।

(গ) এই প্রার্থীর বয়সের ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ডের ১০-১২-৯৭ ইং তারিখের ৩৫ বিবিধ(গ) নং সিদ্ধান্ত কার্যকরী হইবে।

(ঘ) বয়সজনিত কারণে এই প্রার্থীর পেনশন পাওয়ার ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর কোনরূপ দাবী গ্রাহ্য হইবে না।

(ঙ) ১৯৯৭ ইং সনের জাতীয় বেতন স্কেলের বিধান অনুযায়ী প্রার্থীর বেতনভাতা নির্ধারণ করা হইবে।

(চ) উল্লিখিত শর্তাদি প্রার্থীর নিকট গ্রহণযোগ্য হইলে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার বোর্ডের পক্ষ হইতে প্রার্থীর নিয়োগপত্র ইস্যু করিবেন।

**নং-৮ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক সরবরাহের নিমিত্তে লিংকন এসোসিয়েটস, ১২০, কুদরত-ই-খোদা রোড, গফুর ম্যানশন, নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,২৪,৫০০/-(এক লক্ষ চব্বিশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদনকরণ।

**ত সিদ্ধান্তঃ-** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক সরবরাহের নিমিত্তে লিংকন এসোসিয়েটস, ১২০, কুদরত-ই-খোদারোড, গফুর ম্যানশন, নিউ এলিফ্যান্ট রোড, ঢাকা কর্তৃক দাখিলকৃত ১,২৪,৫০০/-(এক লক্ষ চব্বিশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

**স্তাব নং-৯ঃ** ডি ও এইচ এস জোয়ারসাহারা (বারিধারা) এলাকার ময়লা আবর্জনা অপসারণ প্রসংগে উক্ত এলাকার সদস্য-সচিব লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ এর ০৩-২-৯৮ ইং তারিখের পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**হীত সিদ্ধান্তঃ-** ডি ও এইচ এস জোয়ারসাহারা এসোসিয়েশন সাময়িকভাবে নিজ ব্যবস্থাপনায় উক্ত এলাকায় ময়লা আবর্জনা নির্দ্দিষ্ট স্থানে জমা রাখার ব্যবস্থা করিবে যাহা ক্যান্টনমেন্ট বোর্ডের কনজারভেন্সী ট্রাক দ্বারা অপসারণের ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, আগামী ১৯৯৮-৯৯ আর্থিক সালে উক্ত এলাকার কনজারভেন্সী সার্ভিসের জন্য একজন সুপারভাইজার ও ১০ জন ঝাড়ুদার নিয়োগের প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

**প্রস্তাব নং-১০ঃ** জাইকা স্ট্যাডি টিম কর্তৃক উত্তর ঢাকা পয়ঃনিস্কাশন প্রকল্পের কাজের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট এর সহিত ঢাকা ওয়াসার কো-অর্ডিনেশনকরণ সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-** আলোচ্য বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হইল যে, ক্যান্টনমেন্ট বোর্ড সম্পর্কীয় প্রাসংগিক তথ্যাদি যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হউক।

৫ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-১১ঃ ক্যান্টনমেন্ট কেন্দ্রীয় মসজিদের ইমাম জনাব এ এফ এম আবদুল গণি খান এর ইমাম পদে নিয়োগের মেয়াদ ০১-৩-৯৮ ইং তারিখ হইতে আরো ০৫(পাঁচ) বৎসরের জন্য বর্ধিত করার ব্যাপারে তাহার ১৯-২-৯৮ ইং তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে সভায় আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট কেন্দ্রীয় মসজিদের ইমাম জনাব এ এফ এম আব্দুল গণি খান এর চাকরির মেয়াদ ০১-৩-৯৮ ইং তারিখ হইতে পুনরায় ০২(দুই) বৎসরের জন্য বর্ধিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে অনুমোদনের জন্য প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-১২ঃ ক্যান্টনিয়ান স্পোর্টিং ক্লাব, এর খেলাধুলার ব্যয় নির্বাহের নিমিত্তে মাসিক আর্থিক অনুদান প্রদানের জন্য উক্ত ক্লাবের সাধারণ সম্পাদকের ২৫-১-৯৮ ইং তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ে আলোচনান্তে ক্যান্টনিয়ান স্পোর্টিং ক্লাবকে ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা অনুদান প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সাধারণ কনজারভেন্সী শাখার ঝাড়ুদার জনাব মোঃ আবুল হাসেমকে অত্র দপ্তরের মালীর শূন্য পদে বদলীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এই প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৩-১-৯৮ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ ঢাকা/২৬-৬/শা-২/৫৭ নং পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে সভায় আলোচনা হইল। আলোচনান্তে সাধারণ কনজারভেন্সী শাখার ঝাড়ুদার জনাব মোঃ আবুল হাসেমকে বোর্ডের মালির শূন্য পদে বদলীর প্রস্তাব অনুমোদিত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সুপারিশসহ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-১৪ঃ শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের জুনিয়র শিক্ষক শেখ তাজুল ইসলামের চাকরি অপ্রশিক্ষণ অবস্থায় স্থায়ী করণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৬-১১-৯৭ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/২১৭-২/ শা-৫/৩২ নং পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের জুনিয়র শিক্ষক শেখ তাজুল ইসলামের প্রশিক্ষণ বিহীন চাকরি স্থায়ী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১৫ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৮-১-৯৮ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/ ৪৮-৯/শা-৮/৪১ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বোর্ড সভায় আলোচনা হইল। আলোচনান্তে নির্মাণ কাজ বুঝিয়া নেওয়ার জন্য গঠিত স্ট্যান্ডিং কমিটি কর্তৃক কাজটি বুঝিয়া নেওয়ার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১৬ঃ ঢাকা সেনানিবাসের শহীদ সরণী হইতে মইনুল রোড পর্যন্ত সংযোগ রাস্তার ব্যাপারে ক্যান্টনমেন্ট হাউজের দক্ষিণ পার্শ্বের ২৬০'-০" বাউন্ডারী ওয়াল, গ্যারেজ ভাংগা এবং ক্যান্টঃ হাউজের পূর্ব প্রান্ত হইতে নার্সারীর পূর্ব প্রান্ত পর্যন্ত কাঁটাতারের বেড়া অপসারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে জি ই (আর্মি) প্রকল্প দক্ষিণ, ঢাকা সেনানিবাসের ২৫-২-৯৮ ইং তারিখের ২০০০/রিং রোড/৩৬/ই-২ নং পত্র উপস্থাপন করা হইল।

৬ষ্ঠ পৃঃ দ্রঃ

**গৃহীত সিদ্ধান্তঃ** জি ই (আর্মি) প্রকল্প দক্ষিণ, ঢাকা সেনানিবাসের ২৫-২-৯৮ ইং তারিখের ২০০০/রিং রোড/ ৩৬/ই-২ নং পত্রের আলোকে শহীদ সরণী হইতে মঈনুল রোড পর্যন্ত সংযোগ রাস্তা নির্মাণকল্পে ক্যান্টনমেন্ট হাউজের দক্ষিণ পার্শ্বের ২৬০'-০" বাউন্ডারী পর্যন্ত, গ্যারেজ ভাংগা এবং ক্যান্টনমেন্ট হাউজের পূর্ব হইতে বোর্ডের নার্সারীর পূর্ব প্রান্ত পর্যন্ত কাঁটাতারের বেড়া অপসারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে উর্দ্ধতন কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে সেনানিবাসের বৃহত্তর স্বার্থে উক্ত সংযোগ সড়ক নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ৮৮৩'-০"X১৬'-০"= ০.৩২৪ একর (কম/বেশী) জায়গা ছাড়া, গ্যারেজ ভাংগা এবং কাঁটা-তারের বেড়া অপসারণের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। বিষয়টি অধিদপ্তরকে অবহিত করা হউক। এতদ্ব্যাতীত ক্যান্টনমেন্ট হাউজের দক্ষিণের নির্মাণাধীন সীমানা প্রাচীরের নির্মিত অংশ যাহা সংযোগ সড়ক নির্মাণের কারণে ভাংগিয়া ফেলা হইয়াছে উহার জন্য নির্মাণ ব্যয় ৬৯,৮৪২/-(উনসত্তর হাজার আটশত বিয়াল্লিশ) টাকা হইয়াছে বলিয়া প্রকৌশল পরিমাপ বহিতে প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রকৌশলী জনাব মোঃ সাইফুল ইসলাম মেসার্স শাহাবউদ্দিন এন্টারপ্রাইজকে লিপিবদ্ধ করিয়াছেন। উক্ত কাজের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারে মেসার্স শাহাবউদ্দিন এন্টারপ্রাইজ কে ৬৯,৮৪২/-(উনসত্তর হাজার আটশত বিয়াল্লিশ) টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

**প্রস্তাব নং-১৭ঃ** মুসলিম মডার্ণ একাডেমীর মাঠের মধ্য দিয়া রিকসা চলাচলের রাস্তা নির্মাণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এই বিষয়ে জি ই (আর্মি) প্রকল্প দক্ষিণ, ঢাকা সেনানিবাসের ০৩-৩-৯৮ ইং তারিখের ২০০০/রিং রোড/৪৪/ই-২ নং পত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ** সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সেনানিবাসের যানবাহন চলার রিকসা রাস্তা নির্মাণের জন্য মুসলিম মডার্ণ একাডেমীর মাঠের মধ্য দিয়া রাস্তা নির্মাণের জন্য প্রয়োজনীয় জায়গা ছাড়ার বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে অবহিত করা হউক।

**প্রস্তাব নং-১৮ঃ** ঢাকা সেনানিবাসের শহীদ সরণী হইতে মঈনুল রোড পর্যন্ত সংযোগ রাস্তা নির্মাণ কল্পে ৩৬ টি ছোট বড় গাছ কাটা ও অপসারণ প্রসংগে জি ই (আর্মি) প্রজেক্ট সাউথ, ঢাকা সেনানিবাসের ২৪-২-৯৮ ইং তারিখের পত্র নং-৬০০০/বিবিধ/৩৯/ই-৬ এর উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** আলোচনান্তে প্রস্তাবিত ৩৬ টি ছোট বড় গাছ কাটার বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে গাছগুলি নিলামে বিক্রয়ের ব্যবস্থা নেওয়া হউক।

**প্রস্তাব নং-১৯ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্পের সর্বনিম্ন দর অনুমোদনকরণ।

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন দর |
|---|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট সপার মার্কেটের মিরপুর রোড সংলগ্ন ০৪(চার) টি ব্লকের মেরামত রক্ষাবেক্ষণ ও বাঁশের রেলিং স্থাপন করণ। | = ৪৮,৮৪০.২৮ | মেসার্স কাশেম এন্ড সন্স | ১২.৭৫% উর্ধে |
| ২। | ক্যান্টনমেন্ট সপার মার্কেটের সবজি বাজারের মেরামত রক্ষাবেক্ষণ ও তৎসংলগ্ন স্থানে জি ই পাইপের রেলিং ও ড্রেনের স্লাব তৈরী করণ। | = ৪১,৫৮৮.৩০ | মেসার্স গেয়ার আহমেদ এন্ড ব্রাদার্স। | ১২.৫০% উর্ধে |
| ৩। | মিরপুর সেনানিবাস এলাকার নিরাপত্তা বাতির পোল রং ও নাম্বার করণ। | = ১১,৪০০.০০ | মেসার্স সাহাব উদ্দিন এন্টারপ্রাইজ। | ৭% উর্ধে |

৭ম পৃঃ দ্রঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস, ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন দর |
|---|---|---|---|---|
| ৪। | বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল ও শহীদ রমিজ উদ্দিন স্কুলের বাথরুম ফিটিংস ও পানির লাইন মেরামত করণ। | = ১২,৭১০.৫৪ | মেসার্স এস. আলম এন্টারপ্রাইজ | ৯% উর্ধে |
| ৫। | ঢাকা ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের সিডিউল গেইট লাইট ও জেনারেটর মেরামত করণ। | সিডিউল - ৪,৮০০.০০<br>নন-সিডিউল-১০,২০০.১২<br>মোট - ১৫,০০০.১২ | মেসার্স দি ইউনিক ইন্জিনিয়ারিং ওয়ার্কস | ১০.৭৫% উর্ধে |
| ৬। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিস এলাকায় নিরাপত্তা বাতি স্থাপন করণ। | = ১৬,৭২৫.০০ | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ৮% উর্ধে |

গৃহীত সিদ্ধান্তঃ (১) ১০% উর্ধ দর অনুমোদিত
(২) ১০% ,, ,,
(৩) ৭% ,, ,,
(৪) ৯% ,, ,,
(৫) ১০% ,, ,,
(৬) ৮% ,, ,,

**প্রস্তাব নং-২০ঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেট, ঢাকা সেনানিবাসের দোতলায় পাকা দোকানে এবং ডাক্তার চেম্বারে পানি সরবরাহের জন্য পানির ট্যাংক ও ফিটিংস স্থাপনের নিমিত্তে ১২,৯৩৮.০০( বার হাজার নয়শত আটত্রিশ) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** ক্যান্টনমেন্ট সুপার মার্কেট, ঢাকা সেনানিবাসের দোতলায় পাকা দোকানে এবং ডাক্তার চেম্বারে পানি সরবরাহের জন্য পানির ট্যাংক ও ফিটিংস স্থাপনের নিমিত্তে ১২,৯৩৮.০০ ( বার হাজার নয়শত আটত্রিশ ) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল।

**প্রস্তাব নং-২১ঃ** ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ১৮ নং প্লট ও প্লটের অবস্থিত বাড়ীটি বেগম রওশন আক্তার এর নামের পরিবর্তে মিসেস খুরশিদা ফেরদৌস এর নামে নামজারী করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামতসহ সংশ্লিষ্ট কাগজপত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার ১৮ নং প্লট ও প্লটে অবস্থিত বাড়ীটি বেগম রওশন আক্তারের পরিবর্তে মিসেস খোরশেদা ফেরদৌসের নামে নামজারীর প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-২২ঃ** ডি ও এইচ এস এলাকাসমূহে বাড়ীর মালিকদের নিজস্ব ফার্মের নামে কেবলমাত্র ঠিকানা ব্যবহারের অঙ্গীকারের ভিত্তিতে ট্রেড লাইসেন্স ইস্যুকরণের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ৩০-১২-৯৭ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩৫৪/শা-৩/৬ নং পত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিষয়টির উপর আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হইল যে, ডি ও এইচ এস এলাকাসমূহের জন্য বর্তমানে প্রচলিত ট্রেড লাইসেন্স প্রদানের নিয়ম কানুন যথারীতি বহাল থাকিবে। তবে কোন অবস্থাতেই আবাসিক এলাকায় অবস্থিত ব্যবসা প্রতিষ্ঠানের জন্য কোন প্রকার সাইন বোর্ড ব্যবহার করা যাইবে না।

৮ম পৃঃ দ্রঃ

াব নং-২৩ঃ জনাব আনোয়ার কবির, পিতামৃত- আবদুল হান্নান, ৩নং কেবি রোড, গেন্ডারিয়া, ঢাকা-
১২০৪, রজনীগন্ধা সুপার মার্কেট এর ০৩(তিন) টি টয়লেট নিজ খরচায় সংস্কার করিয়া
ক্যান্টনমেন্ট বোর্ডকে বার্ষিক ১২,০০০/-(বার হাজার) টাকা খাজনা প্রদান করতঃ ০৫(পাঁচ)
বৎসরের জন্য ইজারা প্রদানের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধানু গ্রহণ। আবেদনপত্র
উপস্হাপন করা হইল।

ীত সিদ্ধানুঃ জনাব আনোয়ার কবিরের ২৮-১২-৯৭ ইং তারিখের আবেদনটি বিবেচনা করা গেল না।
জনাব আনোয়ার কবিরের ২৮-১২-৯৭ ইং তারিখের আবেদনটি বিবেচনা করা গেল না। জনাব আনোয়ার কবিরের রজনী গন্ধা সুপার মার্কেটের তিনটি টয়লেট সংস্কার বাবদ ৮০,৮৬৯/-(আশি হাজার
আটশত উনসত্তর) টাকা ব্যয় হইয়াছে বলিয়া বোর্ডের সংশ্লিষ্ট সিনিয়র উপ-সহকারী প্রকৌশলী
জনাব মোঃ আবুল হাশেম প্রত্যয়ন করিয়াছেন। উক্ত ব্যয়িত অর্থ মার্কেটের টয়লেট ইজারা
গ্রহীতার নিকট হইতে ভবিষ্যতে আদায় পূর্বক জনাব আনোয়ার কবিরকে ফেরৎ প্রদানের সিদ্ধানু
গৃহীত হইল। এই মার্কেটের গ্রুপ টয়লেট আগামী ০১-৪-৯৮ ইং তারিখ হইতে ৩০-৬-২০০০
সাল পর্যনু সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে জরুরী ভিত্তিতে স্হানীয়ভাবে দরপত্র আহবান
করা হউক।

সুাব নং-২৪ঃ শহীদ রমিজ উদ্দিন কলেজ ভবনের নীচতলা ও দোতলার বারান্দা, টয়লেট এলাকা ও সিঁড়িতে
মোজাইক করণের জন্য ১৯৯৫ ইং সালের এম ই এস সিডিউল মোতাবেক যথাক্রমে
১,৫২,৯৪৬.৮২ টাকা ও ১,০৫,৫৮৫.৮৯ টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

ীত সিদ্ধানুঃ বিষয়টি আলোচনানে শহীদ রমিজ উদ্দিন কলেজ ভবনের নীচ তলায় বারান্দায় সিঁড়ি ও
টয়লেট এলাকায় মোজাইক করণের জন্য ২,৩৩,২৪২.৭৭(দুই লক্ষ তেত্রিশ হাজার বিয়াল্লিশ
টাকা সাতাত্তর পয়সা) এবং দোতলার বারান্দার সিঁড়ি ও টয়লেট এলাকায় মোজাইক করণের
জন্য ১,৯৭,৯০৪.০০(এক লক্ষ সাতানব্বই হাজার নয়শত চার) টাকার সংশোধিত
মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ানু অনুমোদনের জন্য বিষয়টি সামরিক
ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

সুাব নং-২৫ঃ শহীদ রমিজ উদ্দিন স্কুলের আসবাবপত্র তৈয়ারীর জন্য ১৯৯৫ ইং সালের এম ই এস সিডিউল
মোতাবেক ১,৯১,৩৯৪.৫৪(এক লক্ষ একানব্বই হাজার তিনশত চুরানব্বই টাকা চুয়ান্ন
পয়সা) টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধানুঃ শহীদ রমিজ উদ্দিন স্কুলের আসবাবপত্র তৈয়ারীর জন্য ১৯৯৫ ইং সালের এম ই এস
সিডিউল মোতাবেক ১,৯১,৩৯৪.৫৪(এক লক্ষ একানব্বই হাজার তিনশত চুরানব্বই টাকা
চুয়ান্ন পয়সার) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ানু অনুমোদনের
জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

প্রসুাব নং-২৬ঃ জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্প এলাকার উত্তর প্রানে ওয়েষ্টার্ণ রোড হইতে
পুকুরের উত্তর পশ্চিম কর্ণার পর্যনু রেল লাইন বরাবর সীমানা দেওয়াল নির্মাণের জন্য ১৯৯৫
ইং সালের এম ই এস সিডিউল মোতাবেক ৯,৭৪,৪৩৯.২১(নয় লক্ষ চুয়াত্তর হাজার চারশত
উনচল্লিশ টাকা একুশ পয়সা) টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

গৃহীত সিদ্ধানুঃ জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্প এলাকার উত্তর প্রানে ওয়েষ্টার্ণ রোড হইতে
পুকুরের উত্তর পশ্চিম কর্ণার পর্যনু রেল লাইন বরাবর সীমানা দেওয়াল নির্মাণের জন্য ১৯৯৫ ইং
সালের এম ই এস সিডিউল মোতাবেক ৯,৭৪,৪৩৯.২১(নয় লক্ষ চুয়াত্তর হাজার চারশত
উনচল্লিশ টাকা একুশ পয়সা) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

প্রসুাব নং-২৭ঃ জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্প এলাকার উত্তর প্রানে ১২১ নং প্লট হইতে
গার্মেন্টস ফ্যাক্টরীর সম্মুখ দিয়া জোয়ারসাহারা রাসু পর্যনু সীমানা দেওয়াল নির্মাণের জন্য
এম ই এস সিডিউল, ১৯৯৫ ইং মোতাবেক ৩,০৫,৪৮৯.৬৫(তিন লক্ষ পাঁচ হাজার চারশত
উননব্বই টাকা সাতষট্টি পয়সা) টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

৯ম পৃঃ দ্রঃ

**গৃহীত সিদ্ধান্তঃ** জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পের উত্তর প্রান্তে ১২১ নং প্লট হইতে গার্মেন্টস ফ্যাক্টরীর সম্মুখ দিয়া জোয়ারসাহারা রাস্তা পর্যন্ত সীমানা দেওয়াল নির্মাণের জন্য এম ই এস সিডিউল, ১৯৯৫ ইং মোতাবেক ৩,০৫,৪৮৯.৬৭( তিন লক্ষ পাঁচ হাজার চারশত উনাশি টাকা সাতষট্টি পয়সা ) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

**প্রস্তাব নং-২৮ঃ** জোয়ারসাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পে একটি উঁচু মানের পাবলিক স্কুল নির্মাণের নিমিত্তে গত ১৪-২-৯৮ ইং তারিখের আর্কিটেক্ট/কনসাল্টিং ফার্মের নিকট হইতে প্রস্তাবিত পাবলিক স্কুলের লে-আউট প্ল্যান সরবরাহের দর পত্র আহবান করা হইয়াছিল। উক্ত প্রেক্ষিতে ০৪(চার) জন আর্কিটেক্টের নিকট হইতে প্রাপ্ত প্ল্যানের মধ্য হইতে একটি প্ল্যান নির্বাচনসহ আর্কিটেকচারাল ফিস অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে মডার্ণ ইন্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্ট লিমিটেড, ৪৬, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা কর্তৃক দাখিলকৃত নকশা সর্বসম্মতিক্রমে গৃহীত হইল এবং আর্কিটেকচারাল ফি বাবদ উক্ত প্রকল্পের মূল্যানুমানের ০.৯৫% হারে দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। এই দর নির্মিতব্য ভবনের নির্মাণকৃত অংশের মূল্যানুমানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

**প্রস্তাব নং-২৯ঃ** অত্র দপ্তরের ট্যাক্স সুপারিনটেনডেন্ট জনাব মোঃ কামাল উদ্দিন এর পেনশনের অনুকূলে অপশন বিবেচনা ও অনুমোদন করণ। এ প্রসংগে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৯-১-৯৭ ইং তারিখের ৩০/এমএলএন্ডসি/ফিএফ/১৫১/শা-২(ক)/৭ নং পত্র উপস্থাপন করা হইল।

**গৃহীত সিদ্ধান্তঃ** অত্র দপ্তরের ট্যাক্স সুপারিনটেনডেন্ট জনাব মোঃ কামাল উদ্দিন এর পেনশনের অনুকূলে অপশন সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-৩০ঃ** মরহুম সুবেদার মকবুল হোসেন খান, ই এম ই(অবঃ) এর কবরের পাশে মরহুমের স্ত্রীর কবর সংরক্ষণের জন্য মরহুমের ছেলে স্কোয়াড্রন লীডার জাহিদুল ইসলাম খান এর ০৫-২-৯৮ ইং তারিখের আবেদন পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** মরহুম সুবেদার মকবুল হোসেন খান, ই এম ই (অবঃ) এর কবরের পাশে মরহুমের স্ত্রীর কবর সংরক্ষণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

১০ম পৃঃ দ্রঃ

**প্রস্তাব নং-৩১ঃ** বি এ-৩২৬৮ মেজর এ টি কে এম ইকবাল (২ সিগন্যাল ব্যাটালিয়ান, সাভার সেনানিবাস) এর ছেলের কবর পাকা করা প্রসংগে তাঁহার ২৮-১-৯৮ ইং তারিখের আবেদন পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** বি এ-৩২৬৮ মেজর এ টি কে এম ইকবাল (২ সিগন্যাল ব্যাটালিয়ান, সাভার সেনানিবাস) এর ছেলের কবর পাকা করার আবেদন পত্র বিবেচনা করা গেল না।

**প্রস্তাব নং-৩২ঃ** মরহুম মেজর জেনারেল আব্দুল মান্নাফ, পিএসসি (অবঃ) এর কবরের পার্শ্বে মরহুমের স্ত্রী ও ২ কন্যা সন্তানের কবরের জায়গা রিজার্ভ রাখা প্রসংগে মরহুমের স্ত্রীর ১১-১-৯৮ ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** মরহুম মেজর জেনারেল আব্দুল মান্নাফ, পি এস সি (অবঃ) এর কবরের পার্শ্বে মরহুমের স্ত্রী ও ২ কন্যা সন্তানের কবরের জায়গা রিজার্ভ রাখার বিষয়টি বিবেচনা করা গেল না।

**প্রস্তাব নং-৩৩ঃ** মরহুম মির্জা আলী, এম ই এস এর কবর পাকা করণ প্রসংগে মরহুমের ছেলে জনাব সেলিম মাহমুদ এর ১১-১-৯৮ ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** মরহুম মির্জা আলী, এম ই এস এর কবর পাকা করণ এর বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-৩৪ঃ** জনাব আশফাকুল হক, ৮২, গুলশান এভিনিউ, ঢাকা এর পিতা-মরহুম আতাউল হক এর কবর পাকা করার আবেদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** জনাব আশফাকুল হক, ৮২, গুলশান এভিনিউ, ঢাকা এর পিতা-মরহুম আতাউল হক এর কবর পাকা করার বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

**প্রস্তাব নং-৩৫ঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের ০২(দুই) টি ডায়াথারমি মেশিন মেরামত করার নিমিত্তে ০৫(পাঁচ) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স অনুরা এন্টারপ্রাইজ ১/ডি, ৮-৮, মিরপুর, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৯৩,৮৯০/-(তিরানব্বই হাজার আটশত নব্বই) টাকার সর্বনিম্ন দরপত্র অনুমোদন করণ।

**গৃহীত সিদ্ধান্তঃ** ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের অপারেশন থিয়েটারের ০২(দুই) টি ডায়াথারমি মেশিন মেরামত করার নিমিত্তে মেসার্স অনুরা এন্টারপ্রাইজ, ১/ডি, ৮-৮, মিরপুর, ঢাকা কর্তৃক দাখিলকৃত ৯৩,৮৯০/-(তিরানব্বই হাজার আটশত নব্বই) টাকার সর্বনিম্ন দরপত্র সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

১১ পৃঃ দ্রঃ

নং-৩৬ঃ বিবিধঃ
----- -----
একটি স্বার্থান্বেষী মহল কর্তৃক ঢাকা

(ক) ভিত্তিহীন ও বানোয়াট অভিযোগ উত্থাপন করিয়া একটি স্বার্থান্বেষী মহল কর্তৃক ঢাকা সেনানিবাসের ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে হয়রানি করার বিষয়ে আলোচনা ও
সিদ্ধান্ত গ্রহণ।

(খ) সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের মাধ্যমিক শাখার ছাত্র/ছাত্রীদের শ্রেণীকক্ষে বসার স্থান সংকুলান
না হওয়ায় ০২(দুই) শিফটে ৬ষ্ঠ শ্রেণী হইতে ৯ম শ্রেণী পর্যন্ত (৪+৪)=৮টি শাখা খোলা
এবং উক্ত নূতন শাখার জন্য বিভিন্ন বিষয়ের ০৮(আট) জন সহকারী শিক্ষকের পদ সৃষ্টির
ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ০৪-৬-৯৮ ইং
তারিখের সেপ এইচ এস/সাভূসে/অধি /৯/২০ নং পত্র উপস্থাপন করা হইল।

(গ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত রজনীগন্ধা সুপার মার্কেটে অবস্থিত জনতা ব্যাংকের ভাড়ার
মেয়াদ ২(দুই) বৎসরের পরিবর্তে ৫(পাঁচ) বৎসর মেয়াদে বৃদ্ধি করার বিষয়ে আলোচনা ও
সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে ম্যানেজার, জনতা ব্যাংক এর ০১-৩-৯৮ ইং তারিখের ক্যাসুমা/
ডিএইচ/বাড়ীভাড়া/৯৮ নং পত্র উপস্থাপন করা হইল।

(ঘ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত রজনীগন্ধা সুপার মার্কেটের মাছ বাজারের টিউব লাইট
ও কার পার্কিং এর স্থানে হ্যালোজেন লাইট স্থাপনের জন্য ৮-৩-৯৮ ইং তারিখে মেসার্স
গাজী এন্ড ব্রাদার্স কর্তৃক দাখিলকৃত দরপত্রে এম ই এস সিডিউলের উপর ১০% উর্ধ্ব দর
অনুমোদনকরণ।

(ঙ) ঢাকা সেনানিবাসস্থিত শহীদ জাহাংগীর গেইট সংলগ্ন বিমান টিনসেড এর সামনের খালি
জায়গায় সেঞ্চুরী আর্ট পাবলিসিটির নিজ খরচায় একটি ৮০'x৪০' সাইজের বিজ্ঞাপনী
নিয়ন সাইন ও দুইটি পানির ফুয়ারা স্থাপনের ব্যাপারে উক্ত প্রতিষ্ঠানের ১০-২-৯৮ ইং
তারিখের আবেদন পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। সংশ্লিষ্ট আবেদনপত্র উপস্থাপন
করা হইল।

(চ) ডিওএইচ এস, বনানী, মহাখালী, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা এবং কচুক্ষেত এলাকাস্থিত
বাড়ীর বকেয়া গৃহকর জুন'৯৭ ইং পর্যন্ত ৩৬,৮০,০০০/-( ছত্রিশ লক্ষ আশি হাজার )
টাকা দাঁড়াইয়াছে। বকেয়া আদায়ের লক্ষ্যে বারংবার তাগাদাপত্র, উকিল নোটিশ এবং
ব্যক্তিগতভাবে যোগাযোগের পরও বকেয়া গৃহকর আদায় সম্ভব হইয়া উঠিতেছে না।
বকেয়া গৃহকর এককালীন আদায়ের লক্ষ্যে সারচার্জ মওকুফের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত
গ্রহণ।

(ছ) রজনীগন্ধা সুপার মার্কেটের দোতলার পশ্চিম পার্শ্বে ৪২/এ নং দোকানসহ সিঁড়িটি ভাংগা
হইয়াছে। উক্ত দোতলা মার্কেট ভবনের পূর্ব দিকে একটি বিকল্প সিঁড়ি নির্মাণের ১৯৯৫ ইং
সালের এম ই এস সিডিউল অনুযায়ী ২,৯৫,০০০/-(দুই লক্ষ পঁচানব্বই হাজার ) টাকার
মূল্যানুমান অনুমোদন করণ।

(জ) ক্যান্টনমেন্ট বাজারে এলাকার কমার্শিয়াল বিল্ডিং অর্থাৎ ব্রুজওয়ে বিল্ডিংয়ের পশ্চিম এবং
উত্তর পার্শ্বের রাস্তা কার্পেটিং ও রিকশা স্ট্যান্ড নির্মাণ বাবদ ৫,৫৭,১১৪/-( পাঁচ লক্ষ
সাতান্ন হাজার একশত চৌদ্দ ) টাকার মূল্যানুমান অনুমোদন করণ।

(ঝ) মেসার্স নেপচুন এ্যাডভার্টাইজার্স এর ১৬0 টি মেগাসাইন বোর্ড গত ১০-১২-৯৭ ইং তারিখে
৩৫ বিবিধ (ত) নং বোর্ড রেজুলেশন অনুযায়ী বার্ষিক প্রতি বর্গফুট ৩২.০০ টাকা হারে
১৯৯৭-৯৮ ইং সনের জন্য নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিষয়ে অত্র দপ্তরের
০১-১-৯৮ ইং তারিখের ঢাক্যাবো/টি আরসি/২২/৮/৩২৩ নং পত্রের জবাবে মেসার্স
নেপচুন এ্যাডভার্টাইজার্স বর্ধিত হারে ভাড়া প্রদানে আপত্তি জানাইয়াছেন। উক্ত প্রতিষ্ঠান
গত ২১-২-৯৮ ইং তারিখের এতদসংক্রান্ত পত্রটি আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন
করা গেল।

১২পৃঃ দ্রঃ

(ঞ) জোয়ারসাহারা ডি ও এইচ এস এর নব-নির্মিত সীমানা দেওয়ালের নীচের ফাঁকা অংশ বন্ধকরণের জন্য ৭৯,২৫৪.৪৭ টাকার মূল্যানুমান অনুমোদনকরণ।

(ট) বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ৪র্থ তলা নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(ঠ) বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের নির্মানাধীন ৩য় ও ৪র্থ তলার জন্য আসবাবপত্র ক্রয় প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**গৃহীত সিদ্ধান্তঃ-৩৬ঃ বিবিধঃ**

(ক) বিষয়টির উপর সভায় বিশদভাবে আলোচনা হইল। আলোচনান্তে সভায় সর্বসম্মত অভিমত ব্যক্ত করা হয় যে, ঢাকা সেনানিবাসের বর্তমান ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার বোর্ড কর্তৃপক্ষের দিকনির্দেশনায় প্রয়োজনীয় স্বচ্ছতা ও দায়বদ্ধতার সহিত তাঁহার উপর অর্পিত দায়িত্ব পালনে আন্তরিকভাবে সচেষ্ট রহিয়াছেন। ক্যান্টনমেন্ট বোর্ডের স্বার্থে গৃহীত কিছু দৃঢ় প্রশাসনিক পদক্ষেপের কারণে সম্প্রতি একটি স্বার্থান্বেষী মহল সুপরিকল্পিতভাবে বিভিন্ন সরকারী দপ্তরে ভুয়া ও বানোয়াট অভিযোগ প্রেরণসহ পত্রপত্রিকায় মিথ্যা ও ভিত্তিহীন সংবাদ প্রকাশ করিয়া তাঁহাকে হয়রানি করার অপপ্রয়াস চালাইতেছে। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের অফিসকক্ষে জাতির জনকের ছবির পাশে একটি নগ্ননারীর ছবি টানানোর মত অত্যন্ত স্পর্শকাতর অভিযোগের বিষয়টি বোর্ড সভা গুরুত্বের সাথে গ্রহণ করে। আলোচ্য অফিস কক্ষটি কেবলমাত্র ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের দাপ্তরিক কার্যালয়ই নয়, ইহা বোর্ডেরও সম্মেলনকক্ষ যেইখানে নিয়মিত বোর্ড সভা অনুষ্ঠিত হইয়া থাকে। সভায় উপস্থিত সকল বোর্ড সদস্য দৃঢ়তার সাথে দ্ব্যর্থহীনভাবে সভাকে অবহিত করেন যে, এই কক্ষে কেহ কোনদিন জাতির জনকের ছবির পাশে কোন নগ্ননারীর ছবি দেখেন নাই এবং এই অভিযোগটি সর্বৈব মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত। স্থানীয় সামরিক কর্তৃপক্ষের সরাসরি নিয়ন্ত্রনে ক্যান্টনমেন্ট বোর্ডের মত একটি বিধিবদ্ধ স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত একজন দায়িত্বশীল কর্মকর্তাকে পরিকল্পিত ও উদ্দেশ্যমূলকভাবে এইভাবে হয়রানি করা কোনক্রমেই গ্রহণযোগ্য নহে। ইহা তাঁহার পেশাগত সুনাম এবং ব্যক্তিগত মানমর্যাদা ক্ষুন্ন করার হীন প্রয়াস। এমতাবস্থায়, ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা সেনানিবাস জনাব শফিক আলম মেহেদীর বিরুদ্ধে স্বার্থান্বেষী মহল কর্তৃক আনীত মিথ্যা, ভিত্তিহীন ও বানোয়াট অভিযোগ বোর্ড সভা সর্বসম্মতভাবে প্রত্যাখ্যান করিতেছে। সংস্থাপন মন্ত্রনালয়, প্রতিরক্ষা মন্ত্রনালয়, সেনাসদরসহ সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করিয়া প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জ্ঞাপনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, ভবিষ্যতে এহেন পরিস্থিতিতে বোর্ডের আইন উপদেষ্টার মাধ্যমে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হউক।

(খ) বিষয়টি নিয়া সভায় পর্যালোচনা হইল। সেনাপল্লী উচ্চ বিদ্যালয়ের দুই শিফটে ৬ষ্ঠ শ্রেণী হইতে ৯ম শ্রেণী পর্যন্ত মোট ৮টি নূতন শাখা খোলা ও নূতন শাখার জন্য বিভিন্ন বিষয়ের ৮ জন সহকারী শিক্ষকের নূতন পদ সৃষ্টির বিষয়ে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ০৪-০-৯৮ ইং তারিখের সেপ এইচ এস/সাতুসে/অধিঃ/৯/২০ নং পত্রের মাধ্যমে প্রেরিত প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

(গ) রজনীগন্ধা সুপার মার্কেটের জনতা ব্যাংকের ভাড়ার মেয়াদ ০২(দুই) বছরের পরিবর্তে ০৫(পাঁচ) বছর বৃদ্ধি করার বিষয়ে উক্ত ব্যাংকের ব্যবস্থাপকের ০১-০৩-৯৮ ইং তারিখের ক্যান্টন/ডি এইচ/ বাড়ী ভাড়া/৯৮ নং পত্রের বিষয়ে আলোচনান্তে ভাড়ার মেয়াদ দুই বৎসর হইতে তিন বৎসরের জন্য বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঘ) ১০% উর্ধ্ব দর অনুমোদিত।

(ঙ) বিবেচনা করা গেল না। তবে উক্ত সংস্থা যদি ক্যান্টনমেন্ট বোর্ডের নির্ধারিত শর্তে রজনীগন্ধা সুপার মার্কেটে দুইটি নিয়ন সাইন স্থাপনে ইচ্ছুক হয় তাহা হইলে উক্ত সংস্থার নিকট হইতে সুনির্দিষ্ট প্রস্তাব চাওয়া হউক।

(চ) সংশ্লিষ্ট বিষয়টি বোর্ড সদস্য লেঃ কর্ণেল(অবঃ) মোঃ কায়সুদ্দিন আহমেদ পরীক্ষা করিয়া পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করিবেন। তবে অনুবর্তীকালীন সময়ে এই ধরণের সারচার্জ মওকুফের ক্ষেত্রে সি ই ও তার স্বীয় বিবেচনায় প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করিবেন।

(ছ) ২,৯৫,০০০/-(দুই লক্ষ পঁচানব্বই হাজার) টাকার মূল্যানুমান অনুমোদিত। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

(জ) ৫,৫৭,১১৪/-(পাঁচ লক্ষ সাতান্ন হাজার একশত চৌদ্দ) টাকার মূল্যানুমান অনুমোদিত। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

(ঝ) মেসার্স নেপচুন এ্যাডভার্টাইজার্স ডিসেম্বর'৯৭ ইং পর্যন্ত পূর্বের অনুমোদিত হারে মেঘাসাইনের ভাড়া প্রদান করিবে। মেঘা সাইনের জন্য বার্ষিক প্রতি বর্গফুট ৩২/-(বত্রিশ) টাকা হিসাবে জানুয়ারী'৯৮ ইং হইতে কার্যকর হইবে। এই সিদ্ধান্ত উক্ত প্রতিষ্ঠান সম্মত থাকিলে সম্মতিপত্রসহ বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

(ঞ) বিষয়টি আলোচনান্তে জোয়ার সাহারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পের নব-নির্মিত সীমানা দেওয়াল হইতে বারিধারা পর্যন্ত কাঁটাতারের বেড়া নির্মাণের অনুমোদিত ৫,১৩,২৮০/-(পাঁচ লক্ষ তের হাজার দুইশত আশি) টাকার মূল্যানুমানের সহিত উক্ত ডি ও এইচ এস এর ১২ নং লেইন হইতে ১৩ নং লেইন পর্যন্ত নব-নির্মিত সীমানা দেওয়ালের নীচের ফাঁকা অংশ বন্ধ করণের ৭৯,২৫৪/-(উনাশি হাজার দুইশত চুয়ান্ন) টাকার মূল্যানুমানসহ সর্বমোট ৫,৯২,৫৩৪/-(পাঁচ লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত চৌত্রিশ) টাকার সংশোধিত মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

(ট) আগামী ডিসেম্বর'৯৮ ইং তারিখের মধ্যে বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ৪র্থ তলা নির্মাণকল্পে ১৯৯৫ ইং সালের এম ই এস সিডিউল অনুযায়ী ২০,৩৭,১৮৬/-(বিশ লক্ষ সাইত্রিশ হাজার একশত ছিয়াশি) টাকা এবং নন-সিডিউল ৯১,১৪৯/-(একানব্বই হাজার একশত উনপঞ্চাশ) টাকাসহ সর্বমোট ২১,২৮,৩৩৫/-(একুশ লক্ষ আটাশ হাজার তিনশত পঁয়ত্রিশ) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। উক্ত স্কুলের বর্তমানে ৩য় তলা নির্মাণকারী প্রতিষ্ঠান মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন যদি বর্তমান দরে ২৫% উর্ধ্বে এবং নন-সিডিউল ১,০০,০০০/-(এক লক্ষ) টাকায় ৪র্থ তলা নির্মাণের কাজ করিতে সম্মত থাকে তাহা হইলে উক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে স্কুলের ৪র্থ তলা নির্মাণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

১৪ পৃঃ দ্রঃ

(ঠ) বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের ৩য় তলার আসবাবপত্র ক্রয়ের জন্য ৮,৫৩,৫৫০/- (আট লক্ষ তিপ্পান্ন হাজার পাঁচশত পঞ্চাশ) টাকা এবং ৪র্থ তলার জন্য ৮,৫৩,৫৫০/- (আট লক্ষ তিপ্পান্ন হাজার পাঁচশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল.। দ্বিতীয় তলার আসবাবপত্র সরবরাহকারী প্রতিষ্ঠান হাতিল কমপ্লেক্স লিঃ যদি দ্বিতীয় তলার জন্য ইতোমধ্যে সরবরাহকৃত আসবাবপত্রের দরে নূতন আসবাবপত্র সরবরাহ করিতে সম্মত থাকে তাহা হইলে উক্ত প্রতিষ্ঠানের নিকট হইতে ৩য় ও ৪র্থ তলার আসবাবপত্র ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষিত হইল।

(শফিক আলম মেহেদী)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড
ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল আব্বাস সালাম চৌধুরী)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা ক্যান্টনমেন্ট।